



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ০৭ জুলাই ২০১৭

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় মুক্তি কাউন্সিল'র নেতৃত্বের বিরুদ্ধে দায়েরকৃত রাষ্ট্রদ্রোহ মামলা প্রত্যাহারের দাবি

ভিন্নমত দমনকারী আওয়ামী সরকারের বিরুদ্ধে গণআন্দোলন গড়ে তোলার আহ্বান

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর কেন্দ্রীয় সাধারণ সম্পাদক রবি শংকর চাকমা আজ ০৭ জুলাই শুক্রবার সংবাদ মাধ্যমে প্রেরিত এক বিবৃতিতে জাতীয় মুক্তি কাউন্সিলের সাধারণ সম্পাদক ফয়জুল হাকিমসহ ৪ নেতার বিরুদ্ধে দায়েরকৃত রাষ্ট্রদ্রোহ মামলা অবিলম্বে প্রত্যাহারের দাবি জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, আওয়ামীলীগ নেতৃত্বাধীন সরকার পার্বত্য চট্টগ্রামসহ সারাদেশকে দুর্নীতি লুটপাটের ক্ষেত্রে পরিণত করেছে এবং ক্ষমতা অবৈধভাবে কুক্ষিগত করতে চাইছে। ক্ষমতাকে পাকাপোক্ত করার জন্য নির্যাতন, নিপীড়ন, খুন, গুম, অপহরণ চালানো হচ্ছে ও সাম্প্রদায়িকতা, জঙ্গিবাদী ধর্মান্ধতা ও উগ্রজাতীয়তাবাদকে সুকৌশলে ব্যবহার করা হচ্ছে। এতে কোটি জনগণের নাভিশ্বাস ওঠার উপক্রম হয়েছে। এই দুঃসহ অবস্থার বিরুদ্ধে দাঁড়িয়ে জাতীয় মুক্তি কাউন্সিলসহ বিভিন্ন প্রগতিশীল সংগঠন ও ব্যক্তি যখন প্রতিবাদ বিক্ষোভে शामिल হচ্ছে তখনই এই ন্যূনতম প্রতিবাদ প্রতিরোধ ও ভিন্নমতকে দমন করতে সরকার উঠেপড়ে লেগেছে। গণতান্ত্রিক প্রতিবাদ প্রতিরোধ ভিন্নমতকে দমনের জন্য রাষ্ট্রদ্রোহ, মুক্তিযুদ্ধের পরিপন্থী, সেনাবাহিনী বিরোধী ইত্যাদি স্পর্শকাতর কল্পিত অভিযোগ সৃষ্টি করা হচ্ছে। সরকারের এই আচরণ ফ্যাসিস্ট আচরণেরই शामिल।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা বলেন, ফ্যাসিবাদী আচরণের মাধ্যমে দমন পীড়ন চালিয়ে, মিথ্যা মামলা প্রদান করে ও খুন গুমের রাজত্ব কায়ম করে শাসন শোষণ বেশিদিন টিকিয়ে রাখার যাবে না। তিনি ন্যূনতম ভিন্নমত দমনকারী আওয়ামীলীগ সরকারের বিরুদ্ধে তীব্র গণআন্দোলন গড়ে তোলার জন্য দেশের জনগণের প্রতি আহ্বান জানিয়েছেন।

উল্লেখ্য, সংবাদ মাধ্যমে প্রকাশিত তথ্যে জানা গেছে, প্রায় দুইমাস আগে গত ০৭ এপ্রিল রাজশাহীর চারঘাট শহীদ মিনার চত্বরে জাতীয় মুক্তি কাউন্সিলের অন্তর্ভুক্ত সাম্যবাদী দলের একটি সমাবেশ অনুষ্ঠিত হয়। উক্ত সমাবেশ চলার সময় আওয়ামীলীগ ও সহযোগী সংগঠনের স্থানীয় ক্যাডাররা উক্ত সমাবেশে হামলা-ভাঙচুর চালিয়ে ভুগল করে দেয়। পরে স্থানীয় ছাত্রলীগ নেতা রায়হানুল হক রানা বাদী হয়ে চারঘাট মডেল থানায় জাতীয় মুক্তি কাউন্সিলের সাধারণ সম্পাদক ফয়জুল হাকিম, সদস্য মজিবর রহমান, আবুল কালাম আজাদ ও আব্দুল হাকিমের বিরুদ্ধে মামলা দায়ের করেন। মুক্তিযুদ্ধ, সরকার ও সেনাবাহিনী বিরোধী কথিত বক্তব্য প্রদানের অভিযোগে উক্ত মামলা দায়ের করা হয়। দীর্ঘ দুইমাস পর উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদনের প্রেক্ষিতে গত বৃহস্পতিবার উক্ত মামলাটি রাষ্ট্রদ্রোহ মামলা হিসেবে রুজু করা হয়।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।